গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক ,খাদ্য অধিদপ্তর

এবং

সচিব ,খাদ্য মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০২০ – ৩০, জুন ২০২১

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | | ০৩ |
| উপক্রমণিকা | | ০৪ |
| সেকশন ১ | রূপকল্প অভিলক্ষ্য,কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ০৫ |
| সেকশন ২ | বিভিন্ন কার্যক্রমের চুড়ান্ত ফলাফল/প্রভাব | ০৬ |
| সেকশন ৩ | কৌশলগত উদ্দেশ্য ভিত্তিক কার্যক্রমসমূহ, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা সমূহ | ০৭ |
| | | |
| **সংযোজনী ১** | শব্দ-সংক্ষেপ | ১৩ |
| **সংযোজনী ২** | কর্মসম্পাদন সূচকসমুহ বাস্তবায়নকারী, কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১৪ |
| **সংযোজনী ৩** | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের কার্যলয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১৬ |

# খাদ্য অধিদপ্তর এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Directorate General of Food)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

**সাম্প্রতিক বছর সমূহের (৩বছর) প্রধান অর্জন সমূহ:**

বিগত ০৩ বছরে কৃষকদের প্রণোদনা প্রদান ও ন্যায্য মূল্য নিশ্চিত করার লক্ষ্যে অভ্যন্তরীণ উৎস হতে ১১.২০ লাখ মেট্রিক টন ধান, ১.০৯ লাখ মেট্রিক টন গম ও ৪৬.০০ লাখ মেট্রিক টন চাল সংগ্রহ করা হয় এবং বৈদেশিক উৎস হতে ১৪.০৬ লাখ মেট্রিক টন গম ও ৯.৫১ লাখ মেট্রিক টন চাল সংগ্রহ সহ মোট ৮১.৮৬ লাখ মেট্রিক টন খাদ্যশস্য সংগ্রহ করা হয়। বিশেষ করে আমন '১৯-২০ মৌসুমে সর্বোচ্চ সংখ্যক কৃষক ধানের ন্যায্যমূল্য পেয়েছে। এ সময় কৃষকের নিকট হতে ধান সংগ্রহে "কৃষকের অ্যাপ' চালু করা হয়। এ সময়ে মোট বিতরন করা হয়েছে প্রায় ৬০.২৩ লাখ মেট্রিক টন খাদ্যশস্য। ফলে বাজারে খাদ্যশস্যের সরবরাহ ও বাজার মূল্য স্থিতিশীল রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর ব্র্যান্ডিং কর্মসূচি হিসাবে ২০১৬ সাল থেকে সারা দেশে ইউনিয়ন পর্যায়ে অতিদরিদ্র জনসাধারণকে খাদ্যবান্ধব কর্মসূচির মাধ্যমে ৫০ লাখ পরিবারকে বছরে কর্মাভাবকালীন ৫ মাস প্রতি কেজি ১০ টাকা দরে মাসে ৩০ কেজি করে চাল সরবরাহ করা হচ্ছে। ২০২০ সালে করোনা ভাইরাস প্রাদুর্ভাবে মে মাসে খাদ্যবান্ধব কর্মসূচিতে অতিরিক্ত ১ মাস চাল বিতরণ করা হয়েছে। এসডিজি এর ২ নম্বর লক্ষ্য (Zero Hunger) এর পুষ্টি সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রা (SDG Target 2.1, 2.2) অর্জনে খাদ্য বিভাগ কাজ করে যাচ্ছে। এ প্রেক্ষাপটে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় দেশের দরিদ্র জনগোষ্ঠির পুষ্টি চাহিদা পূরণে খাদ্যবান্ধব ও ভিজিডি কর্মসূচিতে ভিটামিন এ, বি$_{১}$, বি$_{১২}$, ফলিক এসিড, আয়রণ ও জিংক সমৃদ্ধ পুষ্টিচাল বিতরণ করা হচ্ছে। বৈশ্বিক মহামারী কোভিড-১৯ বাংলাদেশও ছড়িয়ে পড়ায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় স্বল্প আয়ের তালিকাভুক্ত মানুষদের জন্য খাদ্য সহায়তা বাবদ পরিবার প্রতি বিশেষ ওএমএস চালু করা হয় এবং ১০ টাকা কেজি দরে মাসে ২০ কেজি করে চাল বিতরণ করা হয়। সরকারি খাদ্য গুদামের ধারণক্ষমতা ১.২৭ লাখ মেট্রিক টন বৃদ্ধি পেয়ে প্রায় ২১.৫০ লাখ মেট্রিক টনে উন্নীত হয়েছে। এছাড়া আশুগঞ্জ, ময়মনসিংহ ও মধুপুরে মোট ২.০১ লক্ষ মেট্রিক টন ধারণ ক্ষমতা সম্পন্ন আধুনিক স্টীল সাইলো নির্মাণ কাজ চলমান রয়েছে। পাশাপাশি দেশের দুর্যোগ প্রবণ ১৯ টি জেলার ৬৩ টি উপজেলায় প্রায় ৫,০০,০০০ টি পারিবারিক সাইলো বিতরণ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :**

ক্রমবর্ধমান জনগনের বিদ্যমান দারিদ্র ও অপুষ্টি দূরীকরণে কার্যকর খাদ্য ব্যবস্থাপনা পরিচালনা এবং সরকারি পরিকল্পনা ও বাজেট অনুযায়ী আপদকালীন জলবায়ু সহিষ্ণু খাদ্য নিরাপত্তা মজুত ব্যবস্থাপনার উদ্ভাবনী কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

অব্যাহত প্রশিক্ষণ ও অবকাঠামো উন্নয়নের মাধ্যমে খাদ্য ব্যবস্থাপনার সক্ষমতা বৃদ্ধিকরণ। সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে অনুপুষ্টি ও জলবায়ু পরিবর্তনের অভিযোজন অন্তর্ভূক্ত করে নিম্ন আয়ের জনগণ বিশেষ করে তৈরী পোষাক শিল্প, ১৬তম হতে ২০তম গ্রেডের কর্মচারী, গ্রামীণ দুস্থ নারী, স্বল্প আয়ের বৃহৎশিল্প শ্রমিক ও গ্রামীণ জনগণের জন্য নিয়মিত কর্মসূচিতে স্বল্পমূল্যে খাদ্যশস্য বিতরণ ব্যবস্থা সময়োপযোগী করা এবং খাদ্য বান্ধব কর্মসূচী বছরব্যাপি সম্প্রসারণ করা। সরকারি পর্যায়ে খাদ্য সংগ্রহ ও বিতরণ ব্যবস্থাপনায় ডিজিটাল সিস্টেম প্রবর্তণ। খাদ্যের গুনগতমান বজায় রাখার জন্য আধুনিক প্রযুক্তির খাদ্য সংরক্ষণাগার নির্মাণ এবং ২০৪১ সালের উন্নত বাংলাদেশ প্রতিষ্ঠায় খাদ্য বিভাগ কাজ করে যাচ্ছে।

**২০২০-২০২১ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

* কৃষকদের প্রণোদনা মূল্য নিশ্চিতকরণ এবং খাদ্য নিরাপত্তা মজুত গড়ে তোলার লক্ষ্যে ২৬.০০ লাখ মেট্রিক টন খাদ্যশস্য সংগ্রহ;
* বাজার মূল্য স্থিতিশীল রাখা, বাজারে খাদ্য প্রাপ্যতা সহজলভ্য করা এবং নিম্নআয়ের জনগোষ্ঠীর খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সমন্বিত বিতরণ কর্মসূচিতে ২৮.০০ লাখ মেট্রিক টন খাদ্যশস্য সরবরাহ;
* আশুগঞ্জ, ময়মনসিংহ ও মধুপুরে আধুনিক স্টীল সাইলো নির্মাণ;
* কিশোরগঞ্জ জেলার মিঠামইন, পঞ্চগড় জেলার ভজনপুর, যশোর জেলার চৌগাছা, সুনামগঞ্জ জেলার মধ্যনগর এলএসডি ইত্যাদি প্রত্যন্ত অঞ্চলে খাদ্য গুদাম নির্মাণসহ মোট গুদামের ধারণক্ষমতা ৩৮,০০০ মেট্রিক টন বৃদ্ধি;

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর

এবং

সচিব, খাদ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ২৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

## সেকশন-১:

কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রমনুসারে:

১.১ রূপকল্প (Vision):

সবার জন্য পর্যাপ্ত ও পুষ্টিকর খাদ্যশস্য।

১.২ অভিলক্ষ্য (Mission):

সমন্বিত নীতি-কৌশল বাস্তবায়ন এবং সরকারি খাদ্য ব্যবস্থাপনার মাধ্যমে সবার জন্য পর্যাপ্ত ও পুষ্টিকর খাদ্যশস্য সরবরাহ নিশ্চিত করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ: (Strategic Objectives)

### ১.৩.১ খাদ্য অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান নিশ্চিতকরণ এবং খাদ্যশস্যের নিরাপত্তা মজুদ গড়ে তোলা;
২. সামাজিক নিরাপত্তা খাতে ও স্বল্প মূল্যে খাদ্যশস্য বিতরণ;
৩. খাদ্যশস্য ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ;
৪. খাদ্যশস্যের বাজার মূল্য স্থিতিশীল রাখা ও প্রাপ্যতা নিশ্চিতকরণ;
৫. নিরাপদ খাদ্যশস্য সরবরাহ ও পুষ্টি পরিস্থিতির উন্নয়ন।

### ১.৩.২ খাদ্য অধিদপ্তরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিত নিশ্চিতকরণ;
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;
৩ .আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন ।

### ১.৪ খাদ্য অধিদপ্তরের কার্যাবলি (Functions):

১. সরকারি খাদ্য ব্যবস্থাপনা ও নীতি-কৌশল বাস্তবায়ন ও খাদ্য নিরাপত্তা ব্যবস্থা সুদৃঢ়করণ;
২. খাদ্যশস্যের আমদানি-রপ্তানি ও বেসামরিক সরবরাহ ব্যবস্থাপনা;
৩. খাদ্যশস্য (চাল ও গম) সংগ্রহ, মজুদ, চলাচল ও বিতরণ ব্যবস্থাপনা;
৪. খাদ্যশস্যের বাজার মূল্যের স্থিতিশীলতা আনয়ন ও পুষ্টি সম্মৃদ্ধ খাদ্যেরপ্রাপ্যতা সহজলভ্যকরণ;
৫. পর্যাপ্ত খাদ্যশস্য মজুদ, সংরক্ষণ, খাদ্যের মান পরীক্ষা ও রক্ষণাবেক্ষণ।

## সেকশন ২
## খাদ্য অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব

| চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact) | চূড়ান্ত ফলাফল সূচক (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা ২০২০-২০২১ | প্রক্ষেপন | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান নিশ্চিতকরণ | চালের সংগ্রহ মূল্য এবং উৎপাদন খরচের অনুপাত | অনুপাত | ১.১১ | ১.১১ | ১.১১ | ১.১১ | ১.১০ | কৃষি মন্ত্রণালয় | সংগ্রহ বিভাগ |
| | গমের সংগ্রহ মূল্য এবং উৎপাদন খরচের অনুপাত | অনুপাত | ১.০৩ | ১.০৩ | ১.০৩ | ১.০৩ | ১.০৩ | কৃষি মন্ত্রণালয় | সংগ্রহ বিভাগ |
| সামাজিক নিরাপত্তা খাতে খাদ্যশস্য বিতরণ | খাদ্যবান্ধব কর্মসূচিতে বাজার মূল্য ও চালের মূল্যের অনুপাত | অনুপাত | ৩.২৮ | ৩.১৩ | ৩.১৬ | ৩.১৬ | ৩.১৬ | কৃষি মন্ত্রণালয় | সবরি বিভাগ |
| সাশ্রয়ী মূল্যে দরিদ্র মানুষের খাদ্যশস্য প্রাপ্তি | চালের ওএমএস মূল্য এবং বাজার মূল্যের অনুপাত | অনুপাত | ০.৮০ | ০.৯৬ | ০.৮৫ | ০.৮৬ | ০.৮৭ | কৃষি মন্ত্রণালয় | সবরি বিভাগ |
| | গমের ওএমএস মূল্য এবং বাজার মূল্যের অনুপাত | অনুপাত | ০.৭৮ | ০.৭০ | ০.৮০ | ০.৮১ | ০.৮২ | কৃষি মন্ত্রণালয় | সবরি বিভাগ |
| পুষ্টি পরিস্থিতির উন্নতি | অনুপুষ্টি সমৃদ্ধ চাল সরবরাহ বৃদ্ধির হার | % | ২১৬.৮০ | ২৭৪.০৫ | ৪২.৮৬ | ৪৫.০০ | ৪৮.০০ | খাদ্য অধিদপ্তর | সবরি বিভাগ |

## সেকশন ৩

### কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ, ২০২০-২০২১

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ (Target/Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপন (Projection) ২০২১-২০২২ | প্রক্ষেপন (Projection) ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | **খাদ্য অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান নিশ্চিতকরণ এবং খাদ্যশস্যের নিরাপত্তা মজুত গড়ে তোলা | ৩০ | [১.১] ধান ও চাল সংগ্রহ | সংগৃহীত ধান ও চাল | ক্রমপুঞ্জি | লাখ মেঃ টন | ৬ | ২৩.৮৭ | ২১.৪৭ | ২২.০০ | ২১.৫০ | ২১.০০ | ২০.৫০ | ২০.০০ | ২৩.০০ | ২৪.০০ |
| | | [১.২] গম সংগ্রহ | সংগৃহীত গম | ক্রমপুঞ্জি | লাখ মেঃ টন | ৪ | ৪.২১ | ৪.৯১ | ৪.০০ | ৩.৭৫ | ৩.৫০ | ৩.০০ | ২.৭৫ | ৪.৫০ | ৫.০০ |
| | | [১.৩] “কৃষকের অ্যাপ” এর মাধ্যমে ধান ক্রয় | বাস্তবায়িত উপজেলার সংখ্যা | ক্রমপুঞ্জি | সংখ্যা | ৪ | - | - | ৬৪ | ৬০ | ৫৬ | ৫২ | ৫০ | ১০০ | ১২০ |
| | | [১.৪] ডিজিটাল চাল সংগ্রহ ব্যবস্থাপনা বাস্তবায়ন | বাস্তবায়িত উপজেলার সংখ্যা | ক্রমপুঞ্জি | সংখ্যা | ৩ | - | - | ১৬ | ১৪ | ১২ | ১০ | ৮ | ২০ | ২৪ |
| | | [১.৫] বস্তা ক্রয় | সংগৃহীত বস্তার সংখ্যা | ক্রমপুঞ্জি | কোটি | ৩ | ৬.৩২ | ৮.০৪ | ৭.০০ | ৬.৫০ | ৬.২৫ | ৬.০০ | ৫.৭৫ | ৭.৫০ | ৮.০০ |
| | | [১.৬] বছর শেষে ন্যুনতম মজুত গড়ে তোলা | মজুদকৃত খাদ্যশস্য | ক্রমপুঞ্জি | লাখ মেঃ টন | ৩ | ১৫.৯৯ | ১১.২০ | ১০.০০ | ৯.৫০ | ৯.০০ | ৮.৫০ | ৮.০০ | ১০.০০ | ১০.০০ |
| | | [১.৭] নতুন গুদাম ও অন্যান্য আনুষঙ্গিক নির্মাণ | নির্মিত স্থাপনার সংখ্যা | ক্রমপুঞ্জি | সংখ্যা | ৩ | ৮৮ | ৬০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫৩ | - | ৩০ | ৩৫ |
| | | [১.৮] আশুগঞ্জ, ময়মনসিংহ ও মধুপুরে আধুনিক স্টীল সাইলো নির্মাণ। | নির্মাণ সম্পন্ন | ক্রমপুঞ্জি | % | ২ | ৩৪.৩ | ৩০.৭ | ২৫ | ২২ | ২০ | ১৮ | ১৭ | - | - |
| | | [১.৯] গুদাম রক্ষণাবেক্ষণ ও মেরামত | মেরামতকৃত স্থাপনার সংখ্যা | ক্রমপুঞ্জি | সংখ্যা | ২ | ৩৫ | ২৩১ | ১৮০ | ১৭০ | ১৬০ | ১৫০ | ১৩০ | ২০০ | ৪০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ (Target/Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপন (Projection) ২০২১-২০২২ | প্রক্ষেপন (Projection) ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | অসাধারণ<br>১০০% | অতি উত্তম<br>৯০% | উত্তম<br>৮০% | চলতি মান<br>৭০% | চলতি মানের নিম্নে<br>৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| [২] খাদ্যশস্য ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ | ১৭ | [২.১] সীমার মধ্যে গুদাম ঘাটতি | ঘাটতির হার | ক্রমপুঞ্জি | % | ২ | ০.২৪১ | ০.২৫৪ | ০.৫০ | ০.৫২ | ০.৫৪ | ০.৫৬ | ০.৫৮ | ০.৫০ | ০.৫০ |
| | | [২.২] সীমার মধ্যে পরিবহন ঘাটতি | ঘাটতির হার | ক্রমপুঞ্জি | % | ২ | ০.০৯৫ | ০.০৮২ | ০.১২৫ | ০.১২৬ | ০.১২৭ | ০.১২৮ | ০.১২৯ | ০.১২৫ | ০.১২৫ |
| | | [২.৩] মুভমেন্ট পোগ্রামিং সফটওয়্যার ব্যবহার | বাস্তবায়িত স্থাপনার সংখ্যা | ক্রমপুঞ্জি | সংখ্যা | ২ | | | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ৫০ | ৫৫ |
| | | [২.৪] অধিদপ্তরের কর্মকর্তাদের জেলা/ উপজেলা পর্যায়ের অফিস পরিদর্শন | পরিদর্শন প্রতিবেদনের উপর গৃহিত ব্যবস্থা | ক্রমপুঞ্জি | % | ২ | - | ১০০ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৮০ | ৮৫ |
| | | | পরিদর্শনের সংখ্যা | ক্রমপুঞ্জি | সংখ্যা | ১ | ৩৯ | ৫৬ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫৫ | ৬০ |
| | | [২.৫] PIMS ডাটাবেস হালনাগাদকরণ (পোস্টিং, প্রশিক্ষণ ইত্যাদি) | হালনাগাদের হার | ক্রমপুঞ্জি | % | ২ | | | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | ৭০ | ১০০ | ১০০ |
| | | [২.৬] মামলা সংক্রান্ত ডাটাবেস হালনাগাদকরণ | হালনাগাদের হার | ক্রমপুঞ্জি | % | ২ | | | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | ৭০ | ১০০ | ১০০ |
| | | [২.৭] অডিট (অভ্যন্তরীণ) সফটওয়্যারে ২০-২১ অর্থ বছরের উত্থাপিত আপত্তি এন্ট্রি | এন্ট্রিকৃত হার | ক্রমপুঞ্জি | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [২.৮] অডিট (অভ্যন্তরীণ) সফটওয়্যার ২০-২১ এর পূর্বের অনিষ্পন্ন আপত্তি এন্ট্রি | এন্ট্রিকৃত হার | ক্রমপুঞ্জি | % | ২ | | | ৩০ | ২৮ | ২৬ | ২৪ | ২২ | ৩৫ | ৪০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ (Target/Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপন (Projection) ২০২১-২০২২ | প্রক্ষেপন (Projection) ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | অসাধারণ<br>১০০% | অতি উত্তম<br>৯০% | উত্তম<br>৮০% | চলতি মান<br>৭০% | চলতি মানের নিম্নে<br>৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| [৩] সামাজিক নিরাপত্তা খাতে ও স্বল্প মূল্যে খাদ্যশস্য বিতরণ | ১২ | [৩.১] খাদ্যবান্ধব কর্মসূচি | বিতরণকৃত পরিমাণ | ক্রমপুঞ্জি | লাখ মেঃ টন | ৪ | ৭.৪৪ | ৮.৮৭ | ৭.৪০ | ৭.৩০ | ৭.২০ | ৭.১০ | ৭.০০ | ৭.৪০ | ৭.৪০ |
| | | [৩.২] খাদ্য বান্ধব কর্মসূচির সফটওয়্যার প্রনয়ন ও সুবিধাভোগীর ডাটাবেজে তৈরী | সুবিধাভোগীর ডাটা এন্ট্রি সংখ্যা | ক্রমপুঞ্জি | লাখ | ৪ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫০ | ৫০ |
| | | [৩.৩] ত্রাণমূলক খাতে খাদ্যশস্য সরবরাহ | সরবরাহকৃত পরিমাণ | ক্রমপুঞ্জি | লাখ মেঃ টন | ৩ | ১২.০৬ | ১১.৭৫ | ১০.০০ | ৯.৫০ | ৯.০০ | ৮.৫০ | ৮.০০ | ১০.৫০ | ১০.৫০ |
| | | [৩.৪] শ্রমবহুল এলাকায় (এলইআই) খাদ্যশস্য বিক্রয় (চা শ্রমিক ও অন্যান্য) | বিক্রিত পরিমাণ | ক্রমপুঞ্জি | হাজার মেঃ টন | ১ | ১৪ | ১৫ | ২০ | ১৯ | ১৮ | ১৭.৫০ | ১৭ | ২১ | ২২ |
| [৪] খাদ্যশস্যের বাজার মূল্য স্থিতিশীল রাখা ও প্রাপ্যতা নিশ্চিতকরণ | ১২ | [৪.১] সরকারি ময়দা মিলে প্যাকেটিং ব্যবস্থা চালুকরন | প্যাকেটিং চালু করার সময় | তারিখ | তারিখ | ৪ | - | - | ৩০ এপ্রিল ২০২১ | ১৫ মে ২০২১ | ৩০ মে ২০২১ | ১৫ জুন ২০২১ | ৩০ জুন ২০২১ | - | - |
| | | [৪.২] সরকারি ময়দা মিলে আটা উৎপাদন বৃদ্ধি | উৎপাদিত আটা (বার্ষিক) | ক্রমপুঞ্জি | মেঃ টন | ৩ | ৮৭৮২.৩ | ৮৮৫৯.৩ | ১০০০০ | ৯৫০০ | ৮০০০ | ৭৫০০ | ৭০০০ | ১১০০০ | ১১৫০০ |
| | | [৪.৩] জরুরী গ্রাহক খাতে খাদ্যশস্য বিক্রয় | বিক্রিত পরিমাণ | ক্রমপুঞ্জি | লাখ মেঃ টন | ৩ | ৩.৫৬ | ৩.৬১ | ৩.৫০ | ৩.২৫ | ৩.০০ | ২.৭৫ | ২.৫০ | ৩.৭৫ | ৪.০০ |
| | | [৪.৪] খোলা বাজারে খাদ্যশস্য বিক্রি | বিক্রিত পরিমাণ | ক্রমপুঞ্জি | লাখ মেঃ টন | ২ | ২.৭৩ | ৩.৩৯ | ৪.০০ | ৩.৭৫ | ৩.৫০ | ৩.২৫ | ৩.০০ | ৫.০০ | ৬.০০ |
| [৫] নিরাপদ খাদ্যশস্য সরবরাহ ও পুষ্টি পরিস্থিতির উন্নয়ন | ৪ | [৫.১] অনুপুষ্টি সমৃদ্ধ চাল সরবরাহ | সরবরাহকৃত পরিমাণ | ক্রমপুঞ্জি | হাজার মেঃ টন | ৩ | ২৬.২০ | ৯৮ | ১৪০ | ১৩০ | ১২০ | ১১০ | ১০০ | ১৬০ | ১৬০ |
| | | [৫.২] খাদ্যের মান পরীক্ষা | পরীক্ষিত নমুনার সংখ্যা | ক্রমপুঞ্জি | সংখ্যা | ১ | ১৪১৬ | ৭৭৬ | ৮০০ | ৭৫০ | ৭০০ | ৬৫০ | ৬০০ | ৯০০ | ১০০০ |

# খাদ্য অধিদপ্তরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ২০২০-২১

## (মোট নম্বর-২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েব সাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণসভা আয়োজিত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণসভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | - | - | - |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই নথিতে নোট নিষ্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | সংখ্যা | ২ | ১৫ ফেব্রুয়ারি ২০২১ | ১৫ মার্চ, ২০২১ | ১৫ এপ্রিল, ২০২১ | ১৫ মে, ২০২১ | - |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | সংখ্যা | ২ | ২৫ ফেব্রুয়ারি ২০২১ | ২৫ মার্চ, ২০২১ | ২৫ এপ্রিল, ২০২১ | ২৫ মে, ২০২১ | - |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ১ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | - |
| | | | [২.৪.২] ১০ গ্রেড ও তদুর্ধ্ব | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | | প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | | | | | | | |
| | | [২.৫] এপিএবাস্তবায়নে প্রণোদনা প্রদান | [২.৫.১] নূন্যতম একটি আওতাধীন দপ্তর/একজন কর্মচারীকে এপিএ বাস্তয়ানের জন্য প্রণোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১]বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরিত | তারিখ | ১ | ১৫ ডিসেম্বর ২০২০ | ১৫ জানুয়ারী ২০২১ | ১৫ ফেব্রুয়ারী ২০২১ | - | - |

আমি, মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, সচিব, খাদ্য মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, খাদ্য মন্ত্রণালয়, মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২৯ জুলাই, ২০২০ খ্রী.

.......................................... ..................................

মহাপরিচালক তারিখ

খাদ্য অধিদপ্তর

সারোয়ার মাহমুদ
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২৯/০৭/২০২০ ২৯ জুলাই-২০২০

.......................................... ..................................

সচিব তারিখ

খাদ্য মন্ত্রণালয়

ড. মোছাম্মৎ নাজমানারা খানুম
সচিব
খাদ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সংযোজনী-১:**

# শব্দ সংক্ষেপ

| ক্রঃ নং | আদ্যক্ষর | বর্ণনা |
|---|---|---|
| ১ | এফএও | ফুড এন্ড এগ্রিকালচারাল অর্গানাইজেশন |
| ২ | এফএফডব্লিউ | ফুড ফর ওয়ার্ক |
| ৩ | এফপিসি | ফেয়ার প্রাইস কার্ড |
| ৪ | এফপিএমইউ | ফুড প্লানিং এন্ড মনিটরিং ইউনিট |
| ৫ | জিআর | গ্রাটিসাস রিলিফ |
| ৬ | এমআইএস | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ৭ | ওএমএস | ওপেন মার্কেট সেল |
| ৮ | টিআর | টেষ্ট রিলিফ |
| ৯ | ভিজিডি | ভালনারেবল গ্রুপ ডেভলপমেন্ট |
| ১০ | ভিজিএফ | ভালনারেবল গ্রুপ ফিডিং |
| ১১ | এসআইপি | স্মল ইমপ্রুভমেন্ট প্রজেক্ট |
| ১২ | ডব্লিউ এইচ ও | ওয়াল্ড হেলথ অর্গানাইজেশন |

**সংযোজনী- ২:** কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রামাণক | প্রামাণকের উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|---|
| ১ | [১.১] ধান ও চাল সংগ্রহ | সংগৃহীত ধান-চাল | নিরাপত্তামূলক খাদ্যমজুদ গড়ে তোলার জন্য অভ্যন্তরীণ উৎস হতে ধান-চাল সংগ্রহ করা হয়। এ কার্যক্রম বাস্তবায়নের ফলে কৃষকের ন্যায্যমূল্য প্রাপ্তি নিশ্চিত করা হয়। এ ছাড়াও প্রাকৃতিক দুর্যোগ, খরা, বন্যা ইত্যাদি কারণে ফসলহানির ফলে সম্ভাব্য প্রতিকুল পরিস্থিতি মোকাবেলার জন্য আপতকালীন বিতরণ নির্বিঘ্ন রাখার জন্য নিজস্ব সম্পদে সরকার টু সরকার বা আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে বিদেশ থেকে আমদানি করতে হয়। | উপ-পরিচালক অভ্যন্তরীণ/ বৈদেশিক সংগ্রহ শাখা | দাখিলকৃত প্রতিবেদন | সংগ্রহ বিভাগ |
| | [১.২] গম সংগ্রহ | সংগৃহীত গম | অভ্যন্তরীণ উৎস হতে গম সংগ্রহ করার পাশাপাশি দেশে গমের উৎপাদন চাহিদার তুলনায় কম হওয়ায় সরকারি খাদ্য বিতরণ ব্যবস্থায় গম বিতরণ নির্বিঘ্ন রাখার জন্য নিজস্ব সম্পদে সরকার টু সরকার বা আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে বিদেশ থেকে গম আমদানি করতে হয়। | উপ-পরিচালক অভ্যন্তরীণ/ বৈদেশিক সংগ্রহ শাখা | দাখিলকৃত প্রতিবেদন | সংগ্রহ বিভাগ |
| | [১.৩] "কৃষকের অ্যাপ" এর মাধ্যমে ধান ক্রয় | বাস্তবায়িত উপজেলার সংখ্যা | সংগ্রহ মৌসুমে সংশ্লিষ্ট উপজেলায় অ্যাপের মাধ্যমে ধান সংগ্রহ বাস্তবায়ন। | উপ-পরিচালক অভ্যন্তরীণ সংগ্রহ শাখা | দাখিলকৃত প্রতিবেদন | সংগ্রহ বিভাগ |
| | [১.৪] ডিজিটাল চাল সংগ্রহ ব্যবস্থাপনা বাস্তবায়ন | বাস্তবায়িত উপজেলার সংখ্যা | সংগ্রহ মৌসুমে সংশ্লিষ্ট উপজেলায় ডিজিটাল পদ্ধতিতে চাল সংগ্রহ বাস্তবায়ন। | উপ-পরিচালক অভ্যন্তরীণ সংগ্রহ শাখা | দাখিলকৃত প্রতিবেদন | সংগ্রহ বিভাগ |
| | [১.৫] বস্তা ক্রয় | সংগৃহীত বস্তার সংখ্যা | নিরাপত্তামূলক খাদ্যমজুদ সংরক্ষণের জন্য অভ্যন্তরীণ উৎস হতে চাল সংগ্রহ করার জন্য সরকার সরকারী ও বেসরকারী মাধ্যম হতে প্রয়োজনীয় সংখ্যক পাটের বস্তা ক্রয় করে থাকে। | উপ-পরিচালক অভ্যন্তরীণ ও বৈদেশিক সংগ্রহ শাখা | দাখিলকৃত প্রতিবেদন | সংগ্রহ বিভাগ |
| | [১.৬] বছর শেষে ন্যুনতম মজুত গড়ে তোলা | মজুদকৃত খাদ্যশস্য | জলবায়ু পরিবর্তনজনিত উৎপাদন ঝুকিবিশেষতঃ প্রাকৃতিক দুর্যোগ, খরা, বন্যা ইত্যাদি কারণে ফসলহানির ফলে সম্ভাব্য প্রতিকুল পরিস্থিতি মোকাবেলার জন্য আপতকালীন মজুদ | উপ-পরিচালক এমআইএসএন্ডএম বিভাগ | দাখিলকৃত প্রতিবেদন | এমআইএসএন্ড এম বিভাগ |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রামাণক | প্রামাণকের উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|---|
| | | | হিসেবে বছর শেষে খাদ্যশস্যের স্থিতির পরিমান ১০ লাখ মেট্রিক টন সংরক্ষণ করা হয়। | | | |
| | [১.৭] নতুন গুদাম ও অন্যান্য আনুষঙ্গিক নির্মাণ | নির্মিত স্থাপনার সংখ্যা | উপজেলা ও জেলা পর্যায়ের গুদাম, অফিস ও স্থাপনা নির্মাণ করা, মজুত সক্ষমতা ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি। | উপ-পরিচালক উন্নয়ন ও কারিগরী সেবা শাখা | কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন | পউকা বিভাগ |
| | [১.৮] আশুগঞ্জ, ময়মনসিংহ ও মধুপুরে আধুনিক স্টীল সাইলো নির্মাণ। | নির্মাণ সম্পন্ন | আধুনিক মজুদ ব্যবস্থা গড়ে তোলা ও মজুত সক্ষমতা বৃদ্ধি। | উপ-পরিচালক উন্নয়ন ও কারিগরী সেবা শাখা | দাখিলকৃত প্রতিবেদন | পউকা বিভাগ |
| | [১.৯] গুদাম রক্ষণাবেক্ষণ ও মেরামত | মেরামতকৃত স্থাপনার সংখ্যা | খাদ্য নিরাপত্তার অন্যতম অনুসংগ খাদ্যশস্য মজুদের জন্য পর্যাপ্ত ধারণক্ষমতা বৃদ্ধি। ধারণক্ষমতা অক্ষুন্ন রাখার লক্ষ্যে সারাদেশে পুরাতন ও জরাজীর্ণ ফ্লাট গুদাম মেরামত ও রক্ষণাবেক্ষণ। | উপ-পরিচালক উন্নয়ন ও কারিগরী সেবা শাখা | দাখিলকৃত প্রতিবেদন | পউকা বিভাগ |
| ২ | [২.১] সীমার মধ্যে গুদাম ঘাটতি | ঘাটতির হার (সীমার মধ্যে) | খাদ্য ব্যবস্থাপনার উন্নতির জন্য গুদাম ঘাটতি সীমার মধ্যে রাখা। | উপ-পরিচালক সিএসডি, এলএসডি, টিপিসি শাখা | বার্ষিক বাস্তব যাচাই প্রতিবেদন (PVR) | চসসা বিভাগ |
| | [২.২] সীমার মধ্যে পরিবহন ঘাটতি | ঘাটতির হার (সীমার মধ্যে) | খাদ্য ব্যবস্থাপনার উন্নতির জন্য পরিবহন ঘাটতি সীমার মধ্যে রাখা। | উপ-পরিচালক সিএসডি, এলএসডি, টিপিসি শাখা | বার্ষিক বাস্তব যাচাই প্রতিবেদন (PVR) | চসসা বিভাগ |
| | [২.৩] মুভমেন্ট পোগ্রামিং সফটওয়্যার ব্যবহার | বাস্তবায়িত স্থাপনার সংখ্যা | খাদ্যশস্য চলাচল সঠিক ও দ্রুত করার জন্য মুভমেন্ট পোগ্রামিং সফটওয়্যার ব্যবহার। | উপ-পরিচালক চলাচল, পরিকল্পনা, সড়ক ও রেল শাখা | দাখিলকৃত প্রতিবেদন | চসসা বিভাগ |
| | [২.৪] অধিদপ্তরের কর্মকর্তাদের জেলা/উপজেলা পর্যায়ে অফিস পরিদর্শন | পরিদর্শনের সংখ্যা | খাদ্য অধিদপ্তরের কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ের স্থাপনাসমূহ নিয়মিত পরিদর্শনের মাধ্যমে প্রচলিত বিধি বিধান প্রতিপালন করা। | উপ-পরিচালক সংস্থাপন শাখা | কর্মকর্তাগণের পরিদর্শন প্রতিবেদন | প্রশাসন বিভাগ |
| | | পরিদর্শন প্রতিবেদনের উপর গৃহিত ব্যবস্থা | মাঠ পর্যায়ের স্থাপনাসমূহ নিয়মিত পরিদর্শনের উপর দাখিলকৃত প্রতিবেদনের উপর গৃহীত ব্যবস্থা। | উপ-পরিচালক সংস্থাপন শাখা | দাখিলকৃত প্রতিবেদন | প্রশাসন বিভাগ |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রামাণক | প্রামাণকের উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|---|
| | [২.৫] PIMS ডাটাবেস হালনাগাদকরণ (পোস্টিং, প্রশিক্ষণ ইত্যাদি) | হালনাগাদের হার | খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীরগণের তথ্যের ডাটাবেস হালনাগাদের মাধ্যমে কর্মকর্তা-কর্মচারী ব্যবস্থাপনা উন্নত করা। | উপ-পরিচালক সংস্থাপন শাখা | সকল দপ্তরের প্রতিবেদন | খাদ্য অধিদপ্তরের সকল বিভাগ |
| | [২.৬] মামলা সংক্রান্ত ডাটাবেস হালনাগাদকরণ | হালনাগাদের হার | খাদ্য অধিদপ্তরের সকল মামলা সংক্রান্ত তথ্যের ডাটাবেস হালনাগাদ করার মাধ্যমে মামলা ব্যবস্থাপনা উন্নত করা। | বিজ্ঞ আইন উপদেষ্টা আইন উপদেষ্টার কার্যালয় | দাখিলকৃত প্রতিবেদন | বিজ্ঞ আইন উপদেষ্টার কার্যালয় |
| | [২.৭] অডিট (অভ্যন্তরীণ) সফটওয়্যারে ২০-২১ অর্থ বছরের উত্থাপিত আপত্তি এন্ট্রি | হালনাগাদের হার | অনলাইন সফটওয়্যার এর মাধ্যমে তথ্য এন্ট্রি ও হালনাগাদকরণ। | উপ-পরিচালক রিপোর্ট শাখা | দাখিলকৃত প্রতিবেদন | অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ |
| | [২.৮] অডিট (অভ্যন্তরীণ) সফটওয়্যার ২০-২১ এর পূর্বের উত্থাপিত আপত্তি এন্ট্রি | হালনাগাদের হার | অনলাইন সফটওয়্যার এর মাধ্যমে তথ্য এন্ট্রি ও হালনাগাদকরণ। | উপ-পরিচালক রিপোর্ট শাখা | দাখিলকৃত প্রতিবেদন | অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ |
| ৩ | [৩.১] খাদ্যবান্ধব কর্মসূচি | বিতরণকৃত পরিমাণ | কর্মাভাবকালে তালিকাভুক্ত অতিদরিদ্র জনগোষ্ঠীকে খাদ্যবান্ধব কর্মসূচির মাধ্যমে বছরে ৫ মাসব্যাপি প্রতি কেজি ১০টাকা দরে প্রতি মাসে ৩০ কেজি করে চাল সরবরাহ পূর্বক খাদ্য নিরাপত্তায় ভূমিকা রাখা। | উপ-পরিচালক বন্টন শাখা | দাখিলকৃত প্রতিবেদন | সববি বিভাগ |
| | [৩.২] খাদ্য বান্ধব কর্মসূচির সফটওয়্যার প্রনয়ন ও সুবিধাভোগীর ডাটাবেজে তৈরী | সুবিধাভোগীর ডাটা এন্ট্রি সংখ্যা | তালিকাভুক্ত সুবিধাভোগীর ডাটাবেস তৈরী করা। | উপ-পরিচালক বন্টন শাখা | দাখিলকৃত প্রতিবেদন | সববি বিভাগ |
| | [৩.৩] ত্রাণমূলক খাতে খাদ্যশস্য সরবরাহ | সরবরাহকৃত পরিমাণ | বাজারে খাদ্যশস্যের মূল্যস্থিতিশীল রাখা, খাদ্যশস্যের প্রাপ্যতা সহজলভ্যকরণ এবং সরকারি খাদ্য বিতরণব্যবস্থা (পিএফডিএস) বিশেষতঃ সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে বাজেট বরাদ্দ ও চাহিদা অনুযায়ী চাল ও গম সরবরাহ করা হয়। | উপ-পরিচালক বন্টন শাখা | দাখিলকৃত প্রতিবেদন | সববি বিভাগ |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রামাণক | প্রামাণকের উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|---|
| | [৩.৪] শ্রমবহুল এলাকায় (এলইআই) খাদ্যশস্য বিক্রয় (চা শ্রমিক ও অন্যান্য) | বিক্রিত পরিমাণ | শ্রমবহুল এলাকায় খাদ্যশস্যের মূল্যস্থিতিশীল রাখা, খাদ্যশস্যের প্রাপ্যতা সহজলভ্যকরণ এবং উৎপাদনমুখি বৃহৎ প্রতিষ্ঠানে কর্মরতদের জন্য চাল ও গম বিক্রয় । | উপ-পরিচালক বন্টন শাখা | দাখিলকৃত প্রতিবেদন | সববি বিভাগ |
| ৪ | [৪.১] সরকারি ময়দা মিলে প্যাকেটিং ব্যবস্থা চালুকরন | স্থাপনের সময় | বাজারে নিরাপদ প্যাকেটজাত আটা খোলাবাজারে ওএমএস পদ্ধতিতে বিক্রয় করার জন্য মিলে প্যাকেজিং ব্যবস্থা চালু করা। | উপ-পরিচালক উন্নয়ন ও কারিগরী সেবা শাখা | দাখিলকৃত প্রতিবেদন | পউকা বিভাগ |
| | [৪.২] সরকারি ময়দা মিলে আটা উৎপাদন বৃদ্ধি | উৎপাদিত আটা (বার্ষিক) | খোলাবাজারে ওএমএস পদ্ধতিতে আটা বিক্রিতে ময়দা মিলের আটা উৎপাদন বৃদ্ধি করা। | উপ-পরিচালক বন্টন শাখা | দাখিলকৃত প্রতিবেদন | সববি বিভাগ |
| | [৪.৩] জরুরী গ্রাহক খাতে খাদ্যশস্য বিক্রয় | বিক্রিত পরিমাণ | দেশের নিরাপত্তা ও আইন শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত বাহিনীতে কর্মরতদের জন্য চাল ও গম বিক্রয় করা। | উপ-পরিচালক বন্টন শাখা | দাখিলকৃত প্রতিবেদন | সববি বিভাগ |
| | [৪.৪] খোলা বাজারে খাদ্যশস্য বিক্রি | বিক্রিত পরিমাণ | বাজারে খাদ্যশস্য বিশেষতঃ চাল ও আটার মূল্য উর্দ্ধ গতি রোধকল্পে সরকারি গুদাম থেকে পরিকল্পনা মাফিক খাদ্যশস্য খোলাবাজারে ওএমএস পদ্ধতিতে বিক্রয় করে বাজার মূল্য নিয়ন্ত্রণ করা হয়। | উপ-পরিচালক বন্টন শাখা | দাখিলকৃত প্রতিবেদন | সববি বিভাগ |
| ৫ | [৫.১] অনুপুষ্টি সমৃদ্ধ চাল সরবরাহ | সরবরাহকৃত পরিমাণ | লক্ষমুখী কর্মসূচিতে চাল বিতরণ এবং ইউনিয়ন পর্যায়ে সুলভ মূল্য কার্ড কর্মসূচির মাধ্যমে অনুপুষ্টি সমৃদ্ধ চাল সরবরাহ করা। | উপ-পরিচালক বন্টন শাখা | দাখিলকৃত প্রতিবেদন | সববি বিভাগ |
| | [৫.২] খাদ্যের মান পরীক্ষা | পরীক্ষিত নমুনার সংখ্যা | খাদ্য অধিদপ্তর নিজস্ব পরীক্ষাগারে সংগৃহীত নমুনা পরীক্ষা করে থাকে। পরীক্ষার ফলাফলের ভিত্তিতে চাল/গম গ্রহণ করে থাকে। | উপ-পরিচালক উন্নয়ন ও কারিগরী সেবা শাখা | দাখিলকৃত প্রতিবেদন | পউকা বিভাগ |

**সংযোজনী-৩** কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের কার্যলয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়<br>পার্বত্য চট্টগ্রাম মন্ত্রণালয় | মজুদকৃত খাদ্যশস্য | বিভিন্ন কর্মসূচিতেবিতরণের সম্ভাব্য পরিমাণ | মজুদ গড়ে তোলার লক্ষ্যে শুরুতেই কার্যক্রম গ্রহণ | সরকারের সামাজিক নিরাপত্তা বেষ্টনি কর্মসূচী যথাযথ বাস্তবায়নের মাধ্যমে সার্বিক খাদ্য নিরাপত্তায় ভূমিকা রাখা। | পরিকল্পনা বাস্তবায়নে বিরূপ প্রভাব পড়তে পারে |
| স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়<br>কৃষি মন্ত্রণালয় | সংগৃহীত গম, সংগৃহীত চাল | বাস্তবায়ন সহযোগিতা | সংগ্রহ কমিটির সদস্য হিসেবে সহযোগীতা করা | জনগুরুত্বপূর্ণ কার্যক্রম হিসেবে ধান, চাল-গম সংগ্রহ কার্যক্রম/অভিযান সুষ্ঠুভাবে বাস্তবায়নে ভূমিকা রেখে উৎপাদনকারী কৃষকদের ন্যায্যমূল্য প্রদান এবং আপদকালীন মজুদ গড়ে তুলতে সহায়তা প্রদান। | সংগ্রহ কার্যক্রম ব্যাহত হবে |
| গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ধারণ ক্ষমতা বর্ধিত, মেরামতকৃতধারণ ক্ষমতা | নির্মাণ ও পুনর্বাসনে কারিগরী সহায়তা | মান সম্মত আধুনিক প্রযুক্তি নির্ভর নতুন গুদাম নির্মাণ ও পুরাতন গুদাম মেরামতে সহায়তা | সংরক্ষিত খাদ্যশস্যে পুষ্টিমান বজায় রেখে দীর্ঘদিন মজুদ করা এবং গুদাম ঘাটতি হ্রাস করা। | লক্ষ্যমাত্রা অর্জিত হবেনা |
| মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | বিতরণকৃত পরিমাণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের বরাদ্দপত্র | চাহিদার বিপরীতে বিতরণের জন্য বরাদ্দপত্র জারি | সুবিধাভোগী শ্রেণী বিশেষ করে মহিলাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে জীবন মান উন্নয়ন করার লক্ষ্যে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি নিশ্চিত করা। | বরাদ্দ না থাকলে বিতরণ লক্ষমাত্রা অর্জিত হবেনা |
| পানি সম্পদ মন্ত্রণালয় | বিতরণকৃত পরিমাণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের বরাদ্দপত্র | চাহিদার বিপরীতে বিতরণের জন্য বরাদ্দপত্র জারি | উপকূলীয় ও হাওর অঞ্চল এবং নদী ভাংগন এলাকায় বাধ নির্মাণ ও বেষ্টনী নির্মাণের মাধ্যমে সুবিধাভোগীদের সুরক্ষা ও সক্ষমতা বৃদ্ধি। | বরাদ্দ না থাকলে বিতরণ লক্ষমাত্রা অর্জিত হবেনা |
| প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | বিতরণকৃত পরিমাণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের বরাদ্দপত্র | চাহিদার বিপরীতে বিতরণের জন্য বরাদ্দপত্র জারি | শিশুদের পুষ্টি ও স্বাস্থ্যের মানোন্নয়নে ভূমিকা রাখা। | বরাদ্দ না থাকলে বিতরণ লক্ষমাত্রা অর্জিত হবেনা |